৪. অর্থনৈতিক সম্পর্ক বিভাগের অন্যান্য কার্যক্রমঃ

৪.১ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (ICT) সংক্রান্ত কার্যক্রম

৪.১.১ ভূমিকাঃ অর্থনৈতিক সম্পর্ক বিভাগের আইসিটি সেলের যাত্রা মূলতঃ ১৯৮৩ সালের মার্চ মাসে একটি কারিগরি প্রকল্পের মাধ্যমে। বাংলাদেশে মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে আইসিটি সেল স্থাপনের ইতিহাসে এটি হাতে গোনা কয়েকটি সেলের মধ্যে একটি অন্যতম সেল। যা ১৯৯০ সালে আত্তীকরণের মাধ্যমে সম্পূর্ণ সরকারি হিসেবে রুপ লাভ করে। বর্তমানে সেলটি বাংলাদেশ সরকারের ভিশন-২০২১: "ডিজিটাল বাংলাদেশ" বাস্তবায়নের লক্ষ্যে একটি দীর্ঘ মেয়াদি পরিকল্পনা বাস্তবায়ন করে চলছে।

সেলটি এ বিভাগের উইং-৯ (ফাবা অনুবিভাগ) এর অধীন কার্যক্রম পরিচালনা করছে। বর্তমানে এ সেলে ৪ জন কর্মকর্তা ও ৪ জন কর্মচারী কর্মরত আছেন। এ সেলের প্রধান দায়িত্ব হচ্ছে এ বিভাগের হার্ডওয়্যার ও সফট্ওয়্যার এর চাহিদা নিরুপণ করা, হার্ডওয়্যার ও সফট্ওয়্যার এর স্পেসিফিকেশন তৈরি করা, এপ্লিকেশন সফট্ওয়্যার ব্যবহারকারিদের প্রশিক্ষণ দেয়া, ওয়েবসাইট হালনাগাদ করা, লোকাল এরিয়া নেটওয়ার্ক ম্যানেজমেন্ট করা, ইন্টারনেটের কানেকটিভিটি নিশ্চিত করা, অফিসিয়াল ই-মেইল সচল রাখা, হার্ডওয়্যার ও সফট্ওয়্যার রক্ষণাবেক্ষণ করা, ট্রাবলসুটিং করাসহ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সংক্রান্ত যাবতীয় কার্য সম্পাদন করা এবং জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা-২০০৯ অনুসরণ পূর্বক সরকারের নির্দেশনা অনুসরণ করা ।

৪.১.২ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সংক্রান্ত কার্যক্রমঃ অর্থনৈতিক সম্পর্ক বিভাগের আইসিটি সেল "ডিজিটাল বাংলাদেশ" বাস্তবায়নের লক্ষ্যে পর্যায়ক্রমে প্রয়োজনীয় ইনফ্রাস্ট্রাকচার, হার্ডওয়্যার ও সফট্ওয়্যার ক্রয় করা হচ্ছে। দৈনন্দিন কাজে প্রায় ২৫০টি ডেস্কটপ কম্পিউটার, ২০টি ল্যাপটপ, ১৩টি সার্ভার, বিভিন্ন মডেলের ১২০টি প্রিন্টারসহ প্রয়োজনীয় যন্ত্রপাতি ব্যবহার করা হচ্ছে। ৩০টি ডেস্কটপ কম্পিউটার সম্বলিত একটি প্রশিক্ষণ ল্যাব স্থাপন করা হয়েছে। এ বিভাগের জন্য ১০০ Mbps গতির ইন্টারনেট কানেকটিভিটি ব্যবহার করা হচ্ছে। নিজস্ব ওয়েবসাইট www.erd.gov.bd নিয়মিত হালনাগাদ রাখা হচ্ছে। সম্পূর্ণ অফিসে Wi-Fi Internet চালু করা হয়েছে।

বিজনেস প্রসেস অটোমেশন করার জন্য এ বিভাগে বর্তমানে নিম্নলিখিত ৪টি Application Software চালু আছে। ১) বৈদেশিক ঋণ ব্যবস্থাপনার জন্য UNCTAD উদ্ভাবিত Debt Management & Financial Analysis System (DMFAS) ব্যবহার করা হচ্ছে; ২) AIMS- Aid Information Management System ৩) BSTF-Bangladesh Sweden Trust Fund online Application System ৪) FAMS-Foreign Aid Management System ডাটা এন্ট্রির কাজ চলছে। এখন পরীক্ষামূলক ভাবে Software টি চলছে। আগামী নভেম্বর ২০১৬ মধ্যে Software টি **পূর্নাঙ্গরুপে** ওয়েব এ চালু করা হবে।

৪.১.৩ ২০১৫-১৬ অর্থ বছরের কার্যক্রমঃ

- বিজনেস প্রসেস অটোমেশন করার প্রক্রিয়ায় বৈদেশিক ঋণ ব্যবস্থাপনার জন্য UNCTAD উদ্ভাবিত Debt Management & Financial Analysis System (DMFAS) ব্যবহার করা হচ্ছে;
- বাংলাদেশ-সুইডেন ট্রাস্ট ফান্ড এর আওতায় ট্রাভেল গ্রান্ট (ভ্রমণ ব্যায়ের আংশিক) প্রদানের লক্ষ্যে বিদেশে বৃত্তি নিয়ে অধ্যায়নরত মেধাবী শিক্ষার্থীর অনলাইনে আবেদন গ্রহণের জন্যে একটি অনলাইন সফট্ওয়্যার চালু আছে। URL: http://bstf.erd.gov.bd ব্যবহার করে আবেদকারীরা নির্দিষ্ট সময়ে অনলাইনে আবেদন করছে;
- উন্নয়ন সহযোগী দেশ/সংস্থা কর্তৃক বাংলাদেশ সরকার ও এনজিও-কে প্রদত্ত বৈদেশিক সাহায্যের পূর্নাঙ্গ হিসাব রাখার জন্য Aid Information Management System (AIMS) সফট্ওয়্যার আপডেট করা হচ্ছে;
- বাংলাদেশ সরকারের আইসিটি পলিসি এর ইআরডি সংশ্লিষ্ট কার্যক্রম বাস্তবায়নের অংশ হিসেবে বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্পে অর্থ বরাদ্দ প্রদান ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণের লক্ষ্যে একটি বিশেষায়িত সফটওয়্যার (FAMS) পরীক্ষামূলক ভাবে চলছে;
- FAMS-Foreign Aid Management System ডাটা এন্ট্রির কাজ চলছে।
- নিজস্ব ওয়েবসাইট www.erd.gov.bd চালু আছে, সংশ্লিষ্ট তথ্য প্রকাশ করা হচ্ছে এবং নিয়মিত হালনাগাদ রাখা হচ্ছে;
- কর্মকর্তা/কর্মচারীদের ইলেক্ট্রনিক হাজিরা নেয়া হচ্ছে।
- দৈনন্দিন কাজকে ডিজিটাইজড করার জন্য কম্পিউটার ও অন্যান্য যন্ত্রপাতি ব্যবহার করা হচ্ছে;
- ই-ফাইলিং পদ্ধতি চলু আছে। ই-ফাইলিং এর নতুর ভার্সন প্রশিক্ষণ দেয়া হয়েছে। আগামী অক্টোবরে ২০১৬ মাসে এই ভার্সনে ইফালিং চালু করা হবে;

- লোকাল এরিয়া নেটওয়ার্কের মাধ্যমে ইআরডি'র সকল কর্মকর্তা/কর্মচারী ইন্টারনেট ব্যবহার করছে এবং ফাইল শেয়ারিং করা হচ্ছে;
- ৩০টি ডেস্কটপ কম্পিউটার সম্বলিত একটি আধুনিক কম্পিউটার প্রশিক্ষণ ল্যাব স্থাপন করা হয়েছে;
- এ বিভাগের জন্য ১০০ mbps গতির ইন্টারনেট কানেকটিভিটি চালু করা হয়েছে;
- সরকারি কাজে কম্পিউটারে বাংলার ব্যবহার প্রমিতকরণের লক্ষ্যে বাংলা ইউনিকোড সফট্ওয়্যার ব্যবহার করা হচ্ছে:
- সকল কর্মকর্তার জন্য অফিসিয়াল ইমেইল এবং গ্রুপ ইমেইল চলমান রয়েছে, এর মাধ্যমে তথ্য আদান-প্রদান করা হচ্ছে;
- অভ্যন্তরীণ অন্যান্য যোগাযোগের ক্ষেত্রে নিয়মিতভাবে ইমেইল ব্যবহার করা হচ্ছে;
- এ বিভাগের সকল কর্মকর্তা ও কর্মচারীদের প্রয়োজনীয় প্রশিক্ষণ দেয়া হচ্ছে;
- অতিরিক্ত সচিব (অনুবিভাগ-১) এর নেতৃত্বে ৫ সদস্যের একটি ইনোভেশন টিম গঠন করা হয়েছে এবং টিমের তত্ত্বাবধানে "ডিজিটাল ইআরডি" কার্যক্রম চলছে ।

৪.১.৪ প্রশিক্ষণ প্রদানঃ



- এ বিভাগের সকল কর্মকর্তা ও তৃতীয় শ্রেণির কর্মচারীদের ই-ফাইলিং ব্যবহার এর প্রশিক্ষণ দেয়া হয়েছে;
- ফাবা অনুবিভাগের নতুন কর্মকর্তা/কর্মচারীদের DMFAS এর উপর প্রশিক্ষণ দেয়া হয়েছে;

৪.১.৫ আইসিটি সংক্রান্ত ভবিষ্যত পরিকল্পনাসমূহঃ

- নিম্নলিখিত এপ্লিকেশন সফট্ওয়্যার ব্যবহারের পরিকল্পনা নেয়া হয়েছে: Digital Archiving System, Payroll, Inventory Management ইত্যাদি;
- ইআরডি'র বিদ্যমান লোকাল এরিয়া নেটওয়ার্কের (ল্যান) অবকাঠামো ২০১৬-১৭ অর্থবছরে প্রতিস্থাপন করা হবে;
- প্রয়োজনীয় সংখ্যক হার্ডওয়ার ক্রয় করা;
- ইআরডি'র জন্য মোবাইল এ্যাপস্ তৈরি করা।